# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 05.05.2024 Time: 7.50 P.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) সন্দেশখালির ভাইরাল ভিডিও ভোটের প্রচারে মুখ্য বিষয় হয়ে উঠেছে। আজ এই প্রসঙ্গে পরস্পরকে আক্রমণ করে তৃণমূল কংগ্রেস ও বিজেপি।

নির্বাচনী প্রচারে রাতে ফের রাজ্যে আসছেন অমিত শাহ।

২) তৃতীয় দফার লোকসভা নির্বাচনের প্রচার আজ শেষ হয়েছে। ভোট গ্রহণ আগামী মঙ্গলবার। মুর্শিদাবাদ ও মালদার চারটি আসনে ৪০৬ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন থাকবে।

৩) রাজ্যপালের বিরুদ্ধে শ্লীলতাহানির অভিযোগ নিয়ে তদন্তের কোন এক্তিয়ার পুলিশের নেই বলে রাজভবন বিবৃতি দিয়ে জানিয়েছে।

৪) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় দক্ষিণবঙ্গে আগামী বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর । উত্তরবঙ্গের সব জেলায় শনিবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা।

৫) আই পি এল ক্রিকেটে লক্ষ্ণৌর একানা স্টেডিয়ামে কলকাতা নাইট রাইডার্স লক্ষ্ণৌ সুপার জায়েন্টসের মুখোমুখি হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

সন্দেশখালির ভাইরাল ভিডিও ভোটের প্রচারে মুখ্য বিষয় হয়ে উঠেছে। তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ও দলের সর্ব ভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জী এবং বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, আজ এই প্রসঙ্গে পরস্পরকে আক্রমণ করেন।

বিষয়টি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগে থেকেই জানতেন কিনা, দিল্লিতে সাংবাদিক বৈঠক করে সেই প্রশ্ন তুলেছে তৃণমূল কংগ্রেস। রাজ্যের মন্ত্রী শশী পাঁজা এবং দলের রাজ্যসভার দুই সাংসদ সাগরিকা ঘোষ ও সাকেত গোখেল আজ অভিযোগ করেন, এই ষড়যন্ত্রে বিজেপি-র জাতীয় নেতারাও জড়িত। সাগরিকা বলেন, প্রধানমন্ত্রী নিজে সন্দেশখালির গ্রামবাসীদের সঙ্গে কথা বলেছিলেন। সবকিছু জেনেই প্রধানমন্ত্রী মিথ্যাচার করেছিলেন কিনা, সেই প্রশ্ন তোলেন তিনি। ভিডিওটি প্রকাশ্যে আসার পর দীর্ঘ সময় কেটে গেলেও নির্বাচন কমিশন কি পদক্ষেপ করেছে, তা জানতে চান সাকেত।

বীরভূমের লাভপুরের জনসভায় তৃণমূল নেত্রী বলেন, সন্দেশখালিতে ধর্ষণের সাজানো অভিযোগের কথা এখন সবাই জানতে পেরেছেন। বাংলার মায়েদের অসম্মান করেছে বিজেপি।

(বাইট – মমতা)

নদীয়ার কালিগঞ্জের জনসভায় অভিষেকও সন্দেশখালির ভিডিও প্রসঙ্গে বিজেপি-কে তীব্র আক্রমণ করেন।

(বাইট – অভিষেক)

অন্যদিকে, মুর্শিদাবাদের জলঙ্গিতে নির্বাচনী প্রচারে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী দাবি করেন, সন্দেশখালির তথাকথিত ভিডিওর দুর্বল চিত্রনাট্য তৃণমূল কংগ্রেসের তৈরি করা। এব্যাপারে সিবিআই তদন্ত চেয়ে প্রয়োজনে আদালতে যাবে বিজেপি।

(বাইট – শুভেন্দু)

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা ভোটের তৃতীয় দফার জন্য প্রচার পর্ব আজ বিকেলে শেষ হয়েছে। তবে পরের চার দফার প্রচার চলেছে পুরোদমে।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রের দলীয় প্রার্থী কীর্তি আজাদের সমর্থনে বর্ধমান শহরে রোড শো করেন। রাস্তার দু-পাশে বহু মানুষ তাঁকে দেখতে ভীড় জমান।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ রোড শো করেছেন মালদা উত্তরের দলীয় প্রার্থী খগেন মুর্মূ এবং মালদা দক্ষিণের প্রার্থী শ্রীরূপা মিত্র চৌধুরীর সমর্থনে।

আজ রাতে ফের রাজ্যে প্রচারে আসছেন বিজেপি নেতা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্। পশ্চিম বর্ধমানের অন্ডাল বিমানবন্দরে নেমে দুর্গাপুরে দলের সাংগঠনিক বৈঠকে যোগ দেবেন তিনি। আগামীকাল দুর্গাপুরে তাঁর জনসভা করার কথা।

কংগ্রেসের সর্ব ভারতীয় সভাপতি মল্লিকার্জুন খার্গে মালদা উত্তর ও দক্ষিণ কেন্দ্রের দলীয় প্রার্থীর সমর্থনে আজ সভা করেন সুজাপুরের হাতিমারি ময়দানে। তিনি বলেন, নরেন্দ্র মোদী তৃতীয়বার প্রধানমন্ত্রী পদে বসলে দেশে সংবিধান এবং গণতন্ত্র বলে আর কিছু থাকবে না। বিজেপি-র বিরুদ্ধে বিভেদের রাজনীতি করার অভিযোগ করেন তিনি।

(বাইট – খার্গে)

এদিকে, হুগলীর খানাকুলের পলাশপাই ১ নম্বর অঞ্চলে, আরামবাগের তৃণমূল কংগ্রেস প্রার্থী মিতালি বাগের গাড়ি ভাঙচুরের ঘটনায় তীব্র উত্তেজনার সৃষ্টি হয়। গাড়ি রেখে গ্রামের ভেতরে প্রচার করার সময় ভাঙচুরের খবর আসে। এ জন্য বিজেপিকে দায়ী করেছেন মিতালি।

যদিও বিজেপির দাবি, এই ঘটনা সাধারণ মানুষের ক্ষোভের বহিঃপ্রকাশ। প্রচারে বেরিয়ে আজ জল ও আলোর দাবিতে বিক্ষোভের মুখে পড়েন জয়নগরের তৃণমূল কংগ্রেস প্রার্থী প্রতিমা মন্ডল।

oooooooooooooooooo

তৃতীয় দফার লোকসভা নির্বাচনে আগামী মঙ্গলবার মালদা ও মুর্শিদাবাদের চারটি আসনে ভোটগ্রহণ অবাধ ও শান্তিপূর্ণ করতে ৪০৬ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হচ্ছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী

আধিকারিকের দফতর জানিয়েছে। মালদা উত্তর ও দক্ষিণ, জঙ্গিপুর ও মুর্শিদাবাদে প্রার্থী রয়েছেন ৫৭ জন। ভোটারের সংখ্যা ৭৩ লক্ষ ৩৭ হাজারের বেশি। একই সঙ্গে মুর্শিদাবাদের ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনেও ওই দিন ভোট নেওয়া হবে।

দুই জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব বৈঠক করেন।

ইতমধ্যেই বিশেষ সাধারণ ও পুলিশ পর্যবেক্ষক মুর্শিদাবাদে পৌঁছেছেন।

ভোটের দু-দিন আগে মালদা উত্তর লোকসভা কেন্দ্রের অধীন হবিবপুর থানার আই সি-কে সরিয়ে দিয়েছে নির্বাচন কমিশন। গতকাল ভগবানগোলা বিধানসভা কেন্দ্রের অধীন রানিতলা থানার ওসি-কেও সরিয়ে দেওয়া হয়। ভোটের কাজ করতে পারবেন না তারা।

হবিবপুর থানার নতুন আই সি হয়েছেন কোচবিহারের কোর্ট ইনস্পেক্টর অক্ষয় পাল।

মুর্শিদাবাদ লোকসভা কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট)

oooooooooooooooooo

রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে ওঠা শ্লীলতাহানির অভিযোগের তদন্ত পুলিশ করতে পারে না। সেই এক্তিয়ার তাদের নেই বলে রাজভবনের বিবৃতিতে দাবি করা হয়েছে। রাজভবনের এক্স হ্যান্ডলে পোস্ট করা বিবৃতিতে রাজ্যপাল লিখেছেন, “সংবিধানের ৩৬১ র ২ ও ৩ নম্বর ধারা অনুযায়ী, কোনও রাজ্যপাল স্বপদে থাকাকালীন তাঁর বিরুদ্ধে দেশের কোনও আদালতে ফৌজদারি তদন্তপ্রক্রিয়া চলতে পারে না। তাঁকে গ্রেফতার করা বা জেলে পাঠানোও যায় না। ফলে রাজ্যপালের বিরুদ্ধে ফৌজদারি কার্যক্রম

এগিয়ে নিয়ে যেতে পারে না পশ্চিমবঙ্গ সরকার।' সেই সঙ্গে রাজভবনের কর্মীদের এই ঘটনা প্রসঙ্গে কোথাও মুখ খুলতে নিষেধ করেছেন রাজ্যপাল। তিনি জানিয়েছেন, এ বিষয়ে রাজভবনের সঙ্গে যুক্ত কেউ কোথাও কোনও বিবৃতি দিতে পারবেন না।

০০০০০০০০০০০০০০০০০০০

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেড়ে যাওয়ায় দক্ষিণবঙ্গে ঝড়বৃষ্টির অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে। আবহবিদ সৌরীশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

(বাইট)

দুই ২৪ পরগনা, পূর্ব মেদিনীপুর, বীরভূম, মুর্শিদাবাদ ও নদীয়ায় আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। আগামীকাল থেকে বৃহস্পতিবার পর্যন্ত সব জেলাতেই ঝড়বৃষ্টির সম্ভাবনা।

উত্তরবঙ্গের সর্বত্রই আগামী শনিবার পর্যন্ত বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

তবে, আজও পশ্চিম মেদিনীপুর, বাঁকুড়া, দুই বর্ধমান ও বীরভূমের কিছু জায়গায় তাপপ্রবাহ চলে।

কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা অনেকটাই নেমে দাঁড়িয়েছে ৩৬ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। স্বাভাবিকের চেয়ে ১ ডিগ্রী বেশি। সর্বনিম্ন তাপমাত্রা অবশ্য ছিল স্বাভাবিকের ৩ ডিগ্রী ওপরে ২৯ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস।

০০০০০০০০০০০০০০০০০০

স্নাতকস্তরে ডাক্তারি পাঠ্যক্রমে ভর্তির সর্বভারতীয় পরীক্ষা নিট আজ এরাজ্যেও নির্বিঘ্নে সম্পন্ন হয়েছে।

এদিকে, ছেলেকে নিট দিতে বাঁকুড়া নিয়ে যাওয়ার পথে পুরুলিয়ার বলরামপুরে লরির ধাক্কায় বাবার মৃত্যু হয়েছে। বছর ৪২-এর সনৎ গড়াই লরির চাকায় পিষ্ট হন। তবে, বেঁচে যায় তাঁর ছেলে।

অন্যদিকে, নিট দিতে এসে মেদিনীপুর শহরের রাঙামাটি কিরণ্ময়ী হাইস্কুলে আজ সাপের ছোবলে অসুস্থ হয়ে পড়েন এক পরীক্ষার্থী। তবে হাসপাতালে প্রাথমিক চিকিৎসার পর পরীক্ষা দিয়েছেন তিনি। জানা গেছে, ঝাড়গ্রামের গোপীবল্লভপুরের বাসিন্দা লিপ্সা সাউ, নির্দিষ্ট সময়ের অনেক আগেই পরীক্ষা কেন্দ্রে পৌঁছে যান। শৌচাগারে যাওয়ার সময় একটি সাপ তাঁর পায়ে ছোবল মারে। তড়িঘড়ি তাঁকে মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। রক্ত পরীক্ষার পর বেশ কিছুক্ষণ পর্যবেক্ষণে রাখা হয় তাঁকে।

এদিকে, হাসপাতালে পরীক্ষা নেওয়ার কোনো ব্যবস্থা করা যাচ্ছে না বলে জানিয়ে দেয় স্কুল কর্তৃপক্ষ। এরপরই মনের জোরে ওই ছাত্রী ফিরে যান পরীক্ষা কেন্দ্রে।

ooooooooooooooooo

লখনউ-এর একানা ক্রিকেট স্টেডিয়ামে আজ সন্ধ্যায় আইপিএল ক্রিকেট ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, লখনউ সুপারজায়ান্টসের মুখোমুখি হয়েছে। লখনউ টসে জিতে কলকাতাকে ব্যাট করতে পাঠিয়েছে। শেষ পাওয়া খবরে কলকাতা ৫ ওভার ৪ বলে ১ উইকেটে ৬৯ রান করেছে।

oooooooooooooooooo